

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন-৪ শাখা)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৮৫.৮৫.০০৬.২১-৬৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

পরিপত্র


বিষয়: "আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়" সংক্রান্ত নির্দেশনা।

এ মর্মে পরিলক্ষিত হচ্ছে যে, কোন দাগের আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে অনেক ক্ষেত্রে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণে মাঠ পর্যায়ে নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে, যা কোন ক্রমেই কাম্য নয়।

এ পরিপ্রেক্ষিতে "কোন দাগের আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে"-

- (ক) ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
- (খ) উক্ত দাগ বা দাগসমূহে ব্যক্তি মালিকানাধীন ও অর্পিত সম্পত্তি পৃথক পৃথকভাবে চিহ্নিত না থাকলে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) তা পৃথক পৃথক ভাবে চিহ্নিত করার ব্যবস্থা করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) তা সাবেক/হাল রেকর্ড, দাগসূচী, মৌজা ম্যাপ পর্যালোচনাত্তে পৃথক পৃথক ভাবে চিহ্নিত করার ব্যবস্থা করবেন।
- (গ) ব্যক্তি মালিকানাধীন অংশের নামজারী প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দাগ ভিত্তিক জমির মধ্যে কতটুকু অর্পিত সম্পত্তি তা উল্লেখ করে ব্যক্তি মালিকানাধীন যতটুকু জমির জন্য নামজারী করা হলো সূজিত খতিয়ানের মন্তব্য কলামে তা সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে।
- (ঘ) উক্ত কার্যক্রমের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) তার আওতাধীন কানুনগো/সার্ভেয়ার/সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তার দ্বারা সরেজমিনে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের উপস্থিতিতে তদন্তপূর্বক অর্পিত সম্পত্তি এবং ব্যক্তি মালিকানাধীন ভূমি আলাদাভাবে চিহ্নিত করে যৌথ স্বাক্ষরিত নকশা প্রস্তুত করে প্রতিবেদন সংগ্রহ, শুনানি গ্রহণ ও সাবেক/হাল রেকর্ড, দাগসূচী, মৌজা ম্যাপ পর্যালোচনাত্তে ব্যক্তি মালিকানাধীন ভূমির নামজারি/প্রদান এবং ভূমি উন্নয়ন কর আদায় করবেন।
- (ঙ) সহকারী কমিশনার (ভূমি) উক্তরূপ কার্যধারায় গৃহীত সিদ্ধান্ত ও কানুনগো/সার্ভেয়ার/সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তার স্বাক্ষরিত নকশার কপি পক্ষগণকে প্রদানসহ নিজ দপ্তরে ও আওতাধীন ইউনিয়ন/পৌর ভূমি অফিসে সংরক্ষণ করবেন এবং তদনুযায়ী ব্যক্তি মালিকানাধীন ভূমির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণ নিশ্চিত করবেন।

এমতাবস্থায়, আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়ে এ পরিপত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হলো।


মেঝেতা ২০২৪
মোঃ খলিলুর রহমান
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নং- ৩১.০০.০০০০.০৮৫.৮৫.০০৬.২১-৬৩

তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যালয়ে (জ্যোষ্ঠভার ভিত্তিতে নয়)

- ১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার..... (সকল)
- ৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ২৭৭/৫/এ শহিদ জননী জাহানারা ইমাম সরণী, মীলক্ষ্মেত, কাটাবন ঢাল, ঢাকা
- ৬। জেলা প্রশাসক (তিনি পার্বত্য জেলা ব্যতীত)
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। জোনাল সেটেলমেন্ট অফিসার,..... (তিনি পার্বত্য জেলা ব্যতীত)
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),..... (তিনি পার্বত্য জেলা ব্যতীত)
- ১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা
- ১১। সহকারী কমিশনার (ভূমি),..... (তিনি পার্বত্য জেলা ব্যতীত)
- ১২। সিটেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)
- ১৩। অফিস কপি

১. ৪৮
৬৫.০৩.২৪
(তুষার আহমেদ)

সিনিয়র সহকারী সচিব (আইন-৪)